

## অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে সাউথ ওয়েষ্ট এলাকায় অন্যতম বৃহত্তম ঈদুল ফিতরের জামাত অনুষ্ঠিত

আতিকুর রহমান ॥ মুসলিম উম্মাহর দুটি বড় ধর্মীয় উৎসবের অন্যতম হলো ঈদুল ফিতর। মহান আল্লাহর সন্তুষ্টি লাভের প্রত্যাশায় দীর্ঘ এক মাস সিয়াম সাধনার পর সমস্ত মুসলমানরা এ উৎসবটি অত্যন্ত আনন্দ ও খুশির মধ্যে দিয়ে পালন করে থাকে। গত ৩১ আগস্ট বুধবার সিডনীর বৃহত্তর ক্যাম্বেলটাউন এলাকার মুসলানরা এ ধর্মীয় উৎসবটি অত্যন্ত আনন্দ ও উদ্দীপনার মধ্যে দিয়ে পালন করেছে। সিডনির সাউথ ওয়েষ্ট এলাকার অন্যতম বৃহত্তম বাংলাদেশীদের জামাত অনুষ্ঠিত হয় মিন্টুস্থ Sarah Redfern High School Hall এ। অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার আয়োজিত ঈদের জামাত শুরু হয় সকাল ৭.১৫ মিনিটে। কর্মদিবসে ঈদ হওয়া সত্ত্বেও ঈদের জামাতে বিপুল সংখ্যক মুসল্লিরা শরিক হয়। সন্মাধিক ধারণ সম্পন্ন Sarah Redfern High School Hall কানায় কানায় পূর্ণ জামাতের ইমামতি করেন মিন্টু মসজিদের প্রাত্ন ইমাম ও বিশিষ্ট আলেম শেখ রেদোয়ান। খুতবার পর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের সাধারণ সম্পাদক ড. আনিচুল আফছার। জনাব আফছার অত্যন্ত সংক্ষিপ্তভাবে সংগঠনের বর্তমান আর্থিক চিত্র ও কার্যক্রম তুলে ধরেন। তিনি জানান যে, সংগঠনের বর্তমান সদস্য সংখ্যা ৫০৩ এবং মসজিদভিত্তিক ইসলামিক সেন্টার প্রকল্পের জন্য ক্রয়কৃত জমির বকেয়া লোনের পরিমাণ মাত্র ১৫,০০০ ডলার। লোন পরিশোধের জন্য পূর্বের মত সকলের সহযোগিতার অনুরোধ করেন। ঈদ জামাতে ফেডারেল ও স্টেট এম.পি, ক্যাম্বেলটাউন কাউন্সিলের কাউন্সিলর, ই-মিডিয়া, প্রিন্ট মিডিয়ার কর্মকর্তাগনসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। ক্যাম্বেলটাউন এলাকা (Werriwa) থেকে নির্বাচিত ফেডারেলে এম.পি Mr. Laurie Ferguson ও নিউ সাউথ ওয়েলস পার্লামেন্ট নির্বাচনে ক্যাম্বেলটাউন এলাকা থেকে লিবারেল পার্টির এম.পি Bryan Michael Doyle, ম্যাকুয়্যারী ফিল্ডসের স্টেট এম.পি Dr Andrew Dominic McDonald, ক্যাম্বেলটাউন সিটি কাউন্সিলের কাউন্সিলর Mr. Anoulack Chanthivong ও Mr. Wal Glynn, Sarah Redfern High School এর প্রতিনিধি Mrs. Caren Greg উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত বক্তব্যে অতিথিরা বাংলাদেশীদের ঈদের শুভেচ্ছা জানান এবং বাংলাদেশী কমিউনিটির সাথে আরও সুসম্পর্ক গড়ে উঠার আশাবাদ ব্যক্ত করেন। শিশুরাও ঈদের আনন্দ উপভোগ করেছে। পরে সংগঠনের পক্ষ থেকে সকলকে মিষ্টি মূখ করানো হয়। হাসি ও সুন্দরময় জীবনের প্রত্যাশায় সবাই ফিরে গেছে ঘরে। বৃহত্তর ক্যাম্বেলটাউন এলাকায় ক্রমবর্ধমান মুসলমানদের সংখ্যা বৃদ্ধির ফলে অত্র এলাকয় অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার একটি মসজিদ ভিত্তিক কমপ্লেক্স প্রতিষ্ঠার প্রকল্প নিয়েছে। নিরলসভাবে দীর্ঘদিন অবিরাম কাজ করে যাচ্ছে। এ প্রকল্পে বাংলাদেশীদের সরাসরি সহযোগিতার প্রয়াসে বিভিন্ন কর্মসূচী বিশেষ করে মুসলিম ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসগুলিসহ কোরবানী, ঈদের জামাত ও ঈদ উৎসব সহ অন্যান্য অনুষ্ঠানগুলি সাফল্যের সাথে পালন করে আসছে।









